দৈনিক ইত্তেফাক

তারিখ 17 DEC 2015
পৃষ্ঠা ২৫ কলাম ৩

# সৈয়দপুরে দেদারছে বিক্রি হচ্ছে গাইড বই

■ সৈয়দপুর (নীলফামারী) সংবাদদাতা

সৈয়দপুরের বিভিন্ন লাইব্রেরীতে দেদারছে বিক্রি হচ্ছে নিষিদ্ধ গাইড বই। এসব গাইড বই বিক্রি করতে ব্যবসায়ী ও শিক্ষকদের সমন্বয়ে গড়ে উঠেছে শক্তিশালী সিন্ডিকেট। ব্যবসায়ীদের সিন্ডিকেট শক্তিশালী হওয়ার কারণে বিভিন্ন বই ব্যবসায়ী নিষিদ্ধ গাইড বই বিক্রি করতে পারছে।

অনেক স্কুলের শিক্ষক বই ব্যবসায়ীদের যোগসাজসে অনেক ছাত্র-ছাত্রীকে গাইড বই কিনকে বাধ্য করছে বলে অভিভাবকদের অভিযোগে জানা যায়। অথচ এসব গাইড বই প্রকাশনা ও বিক্রি নিষিদ্ধ করেছে সরকার। বছরের শুরুতেই মনিটরিং করলে এসব নিষিদ্ধ গাইড বই বাজারজাত অনেকটাই ভেঙে যেত বলে মনে করছেন সচেতন মহল। এখন শহর ও গ্রামের বিভিন্ন লাইব্রেরীতে এসব গাইড বই বিক্রি করা হচ্ছে। এক্ষেত্রে আসল মূল্যের চেয়ে কয়েকগুণ বেশি টাকা নেয়ারও অভিযোগ রয়েছে। দ্বিতীয় থেকে নবম শ্রেণি পর্যন্ত বিষয়ভিত্তিক গাইড প্রকাশনীর বইগুলো শহরের লাইব্রেরীগুলোর অধিকাংশ স্থান দখল করে আছে এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো অগ্রদূত, অনুপম, জুপিটার, প্রাঞ্জেরী, বর্ণমালা, লেকচার, পপিসহ বহু প্রকাশনীর গাইড বই। প্রকাশনী সংস্থার লোকেরা এসব গাইড বই মোটর সাইকেলযোগে লাইব্রেরীতে পৌঁছে দিচ্ছে অনেকটা প্রকাশ্যে। সরকারের শিক্ষানীতি বিধিমালায় প্রথম থেকে নবম শ্রেণির যাবতীয় গাইড বই প্রকাশনা ও বিক্রি সম্পূর্ণ অবৈধ ঘোষণা করা হয়েছে। আর এই ঝামেলা এড়াতে বই ব্যবসায়ীরা গাইড বই গোডাউনেও লুকিয়ে রাখছেন।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষক জানান, বই ব্যবসায়ীদের রয়েছে বিশাল সিন্ডিকেট। তারা বিভিন্ন উপঢৌকন আগেই শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষকের কাছে পাঠিয়ে দেন। ফলে প্রশাসন ও শিক্ষকরা তাদের কাছে জিম্মি হয়ে পড়েছেন।